## বরাক উপত্যকা সাহিত্য সংস্কৃতি সম্মেলন ::: দূর-শিক্ষাকেন্দ্র ::: বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

### দ্বিতীয় ষান্মাসিক : চতুর্থ পত্র : **অ্যাসাইনমেন্ট** ::: পূর্ণমান : ২০

### একমাত্র ৮ম ব্যাচের (শিক্ষাবর্ষ : ২০২৪ – ২০২৫) শিক্ষার্থীদের জন্য

১। অতি সংক্ষেপে উত্তর দিন: (যে কোন দু'টি) মান: ২ x ২ = ৪
- ক) সনেট কবিতাকে বাংলায় কী বলা হয়? আপনাদের পাঠ্য সনেট কবিতাটির নাম লিখুন।
- খ) কবিগুরু দুঃখের মূহূর্তে সান্ত্বনার পরিবর্তে কী প্রার্থনা করেন?
- গ) কাণ্ডারী হুঁশিয়ার কবিতায় যাত্রী বলতে কা'দের বোঝানো হয়েছে?
- ঘ) মাইকেলকে মহাকবি, রবীন্দ্রনাথকে বিশ্বকবি, আর কাজী নজরুল ইসলামকে কী আখ্যা দেওয়া হয়েছে?

২। অতি সংক্ষিপ্ত উত্তর দিন: (যে কোন দু'টি) মান: ২ x ২ = ৪
- ক) 'গুরুমশায়ের পাঠশালা' গল্পটি বিভূতিভূষণ বন্দোপাধ্যায়ের কোন্ উপন্যাস থেকে নেওয়া হয়েছে? 'আম আঁটির ভেঁপু' কোন পাঠের যমজ সংস্করণ?
- খ) পাদটাকা গল্পের মুখ্য চরিত্র কে? তিনি কী পড়াতে ভালোবাসতেন?
- গ) নিমগাছ গল্পটির রূপ দেখে কে মুগ্ধ হয়েছিল? গাছটিকে কীসের সাথে তুলনা করা হয়েছিল?

৩। সংক্ষেপে উত্তরগুলি লিখুন: (যে কোন দু'টি) মান: ২ x ২ = ৪
- ক) কেকাধ্বনি শব্দের অর্থ কী? দাদুরি শব্দটিকে বাংলায় কী বলে ? এটা কখন প্রকট হয়?
- খ) সেন্সাস বলতে কী বোঝায়?
- গ) দেব সাহিত্য কুটীর কী ধরনের বই বের করতেন?

৪। সংক্ষেপে উত্তর দিন : (যে কোন দু'টি) মান: ২ x ২ = ৪
- ক) অনূদিত সাহিত্য বলতে কী বোঝায়?
- খ) তৃতীয় নেত্র গল্পটিতে বৃদ্ধ শিল্পী কেন আয়না দেখতেন?
- গ) একটি ইলিশের স্বাদ গল্পটি কার লিখা? গল্পটি কোন্ নদীর প্রেক্ষাপটে রচিত?
- ঘ) লোককথা বলতে কী বোঝায়? উত্তর-পূর্ব ভারতের কোন্ ভাষার সাহিত্যে এখনও গল্প উপন্যাস অনূদিত হয়ে মুদ্রিত আকারে প্রকাশিত হয়নি?

৫। অতি সংক্ষেপে উত্তর লিখন: (যে কোন একটি) মান: ৪ x ১ = ৪
- ক) নাটক বলতে কী বোঝায়? নাটকের তিনটি প্রয়োজনীয় উপাদান কী?
- খ) সম্রাট সাজাহানের পুত্র স্নেহের পরিচয় দিন।
- গ) জাহানারা কে? তার সম্বন্ধে সংক্ষেপে যা জানুন লিখুন।

**বিশেষ দ্রষ্টব্য: —**
- **অ্যাসাইনমেন্ট ৩১ আগস্ট ২০২৫-এর মধ্যে জমা দিতে হবে।**
- প্রশ্নোত্তরগুলি **নিজ হস্তাক্ষরে অবশ্যই লিখতে হবে,** অন্যথায় অ্যাসাইনমেন্টটি গ্রহণ করা হবে না।
- এই পত্রে (চতুর্থ পত্র : অ্যাসাইনমেন্ট) পাস করার নিম্নতম মান: ১০ (দশ)।

**প্রয়োজনীয় নির্দেশিকা: —**
- প্রশ্নগুলোর উত্তরের জন্য প্রাথমিক ভাবে দূর-শিক্ষাকেন্দ্র প্রদত্ত বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রমের পাঠ্যবইয়ের উপর নির্ভর করুন। তবে পরীক্ষার্থীরা ভিন্নতর সূত্র এবং নিজস্ব অভিজ্ঞতার ভিত্তিতেও উত্তর লিখতে পারেন।
- অ্যাসাইনমেন্টটি A4 সাইজ কাগজে নিজ হাতে লিখে একটি সেলাই করা পুস্তিকার আকারে বানিয়ে নিম্নে দেওয়া নমুনা অনুযায়ী অ্যাসাইনমেন্টটি যথাসময়ে জমা দিতে হবে।

**অ্যাসাইনমেন্ট পুস্তিকার নমুনা: —**

প্রচ্ছদ পৃষ্ঠায় থাকবে-

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলন
দূর-শিক্ষাকেন্দ্র
বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম
দ্বিতীয় ষান্মাসিক-২০২৫ ::: চতুর্থ পত্র: অ্যাসাইনমেন্ট

শিক্ষার্থীর নাম :- .................................... রোল নম্বর :-..............

পরীক্ষার্থীর সই এবং তারিখ :- ....................................